# চট্টগ্রামে নির্বাচনী প্রচারণায় গুলিবিদ্ধ বিএনপি প্রার্থী এরশাদ উল্লাহ



সংগৃহীত ছবি

চট্টগ্রাম-৮ আসনে বিএনপির প্রার্থী এরশাদ উল্লাহ নির্বাচনী প্রচারণাকালে গুলিবিদ্ধ হয়েছেন। বুধবার (৫ নভেম্বর) সন্ধ্যায় বায়জীদ থানার হামজারবাগ এলাকায় গণসংযোগে অংশ নেওয়ার সময় হঠাৎ দুর্বৃত্তরা গুলি চালায়। এতে তার পায়ে গুলি লাগে এবং তিনি মাটিতে লুটিয়ে পড়েন।

পরে স্থানীয় নেতাকর্মীরা তাকে দ্রুত উদ্ধার করে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করেন। হামলায় এরশাদ উল্লাহর সঙ্গে থাকা সারোয়ার বাবলাসহ আরও দুজন আহত হয়েছেন। তাদের মধ্যে সারোয়ারের অবস্থা গুরুতর বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, গণসংযোগ চলার সময় আচমকা গুলির শব্দ শোনা যায়। মুহূর্তেই চারদিকে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং লোকজন দিকবিদিক ছুটে পালাতে থাকে। ঘটনার পর পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে, তবে এলাকায় এখনো উত্তেজনা বিরাজ করছে।

এরশাদ উল্লাহ দীর্ঘদিন ধরে বিএনপির রাজনীতিতে সক্রিয় রয়েছেন এবং বর্তমানে চট্টগ্রাম মহানগর বিএনপির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। স্থানীয় নেতারা হামলার নিন্দা জানিয়ে দ্রুত দোষীদের গ্রেপ্তারের দাবি জানিয়েছেন।

LENS ASIA